# প্রেস বিজ্ঞপ্তি

## জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ

## বিভিন্ন অপরাধে ৩৮টি প্রতিষ্ঠানকে ২.৫৯ লক্ষ টাকা জরিমানা

**২৭ আগস্ট ২০১৭ খ্রি:**

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয়, বিভিন্ন বিভাগীয় ও জেলা কার্যালয়ের ৮ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, সুনামগঞ্জ, ঝিনাইদহ, পাবনা, পটুয়াখালী, বাগেরহাট, হবিগঞ্জ ও বগুড়ায় আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক শাহনাজ সুলতানার নেতৃত্বে ঢাকা মহানগরীর রামপুরা এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে সুন্দর বন সুইটসকে **৪০,০০০/- (চল্লিশ হাজার)** টাকা, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও ওজনে কারচুপির অপরাধে সালাম ডেইরী ফার্ম এন্ড প্রোডাক্টসকে **৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার)** টাকা, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে মদিনা ডাইনিং কর্নার হোটেল এন্ড রেস্টুরেন্টকে **২৫,০০০/- (পঁচিশ হাজার)** টাকা এবং অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে প্রিন্স হোটেলকে **২৭,০০০/- (সাতাশ হাজার)** টাকাসহ মোট **১,২৭,০০০/- (এক লক্ষ সাতাশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

সুনামগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: জাহাঙ্গীর আলমের নেতৃত্বে সুনামগঞ্জের দিরাই উপজেলায় **৮টি** প্রতিষ্ঠানকে **২৫,০০০/- (পঁচিশ হাজার)** টাকা, ঝিনাইদহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডলের নেতৃত্বে ঝিনাইদহ সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১০,৫০০/- (দশ হাজার পাঁচশত)** টাকা, পাবনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক এ.এস.এম. মাসুম-উদ-দৌলার নেতৃত্বে পাবনা সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত)** টাকা, পটুয়াখালী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ সেলিমের নেতৃত্বে পটুয়াখালী সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৮,০০০/- (আট হাজার)** টাকা, বাগেরহাট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শিকদার শাহীনুর আলমের নেতৃত্বে বাগেরহাটের ফকিরহাট উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **২৫,০০০/- (পঁচিশ হাজার)** টাকা, হবিগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: আল-আমিনের নেতৃত্বে হবিগঞ্জের বাহুবল উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত)** টাকা, বগুড়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবাশীষ রায়ের নেতৃত্বে বগুড়ার নন্দীগ্রাম উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৯,০০০/- (নয় হাজার)** টাকাসহ মোট **৮৮,৫০০/- (আটাশি হাজার পাঁচশত)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, ওজনে কারচুপি, ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, অবহেলা ইত্যাদি দ্বারা সেবা গ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো এবং মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: আব্দুল জব্বার মন্ডল কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে কাবাব ফ্যাক্টরী ও ক্যাফে ব্লু ওরচিডকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা করে **১০,০০০/- (দশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ২ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **২,৫০০/- (দুই হাজার পাঁচশত)** টাকা প্রদান করা হয়।

যশোর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: সোহেল শেখ কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করার অপরাধে ব্লু হ্যাভেনকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা ও ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে ক্যাফে ম্যাংগোকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকাসহ মোট **১০,০০০/- (দশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ২ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **২,৫০০/- (দুই হাজার পাঁচশত)** টাকা প্রদান করা হয়।

চট্টগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মুহাম্মদ হাসানুজ্জামান কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে মনো ক্যাফে বিস্ট্রো, সিইপিজেড ক্যাফে টেরিয়া, মেসার্স সাথী মেডিকেল হল, মেসার্স হান্ডি ও হোটেল প্যারামাউন্ট ইন্টারন্যাশনালকে যথাক্রমে **৬,০০০/- (ছয় হাজার)** টাকা, **২,০০০/- (দুই হাজার)** টাকা, **১০,০০০/- (দশ হাজার)** টাকা, **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা ও **১,০০০/- (এক হাজার)** টাকাসহ মোট **২৪,০০০/- (চব্বিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৫ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৬,০০০/- (ছয় হাজার)** টাকা প্রদান করা হয়।

আজকের **৮টি** বাজার তদারকির ও **৯টি** লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **৩৮টি** প্রতিষ্ঠানকে মোট **২,৫৯,৫০০/- (দুই লক্ষ উনষাট হাজার পাঁচশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে **৫ জন** অভিযোগকারীকে মং **৮,০০০/- (আট হাজার)** টাকা প্রদান করা হয়। বিলম্বে প্রাপ্ত তথ্য অনুযায়ী গত ২৩ আগস্ট ২০১৭ তারিখে ময়মনসিংহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: শাহ আলমের নেতৃত্বে ময়মনসিংহের নান্দাইল উপজেলায় **৬টি** প্রতিষ্ঠানকে **১,২৫,০০০/- (এক লক্ষ পঁচিশ হাজার)** টাকা, লালমনিরহাট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: শেখ সাদীর নেতৃত্বে লালমনিরহাট সদর উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা, বগুড়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবাশীষ রায়ের নেতৃত্বে বগুড়ার দুপচাঁচিয়া উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১৫,০০০/- (পনের হাজার)** টাকা এবং ২৪ আগস্ট ২০১৭ তারিখে ময়মনসিংহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো: শাহ আলম কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে রম থ্রি রেস্টুরেন্টকে **২,০০০/- (দুই হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৫০০/- (পাঁচশত)** টাকা প্রদান করা হয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, স্যানেটারী ইন্সপেক্টর এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে।


স্বাক্ষরিত/-
(রিনা বেগম)
সহকারী পরিচালক (কার্যক্রম)
ফোনঃ ০২-৮১৮৯৪১১
ই-মেইলঃ ad-operation@dncrp.gov.bd


**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‌্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, রাজশাহী, খুলনা, বরিশাল ও সিলেট মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, সুনামগঞ্জ, ঝিনাইদহ, পাবনা, পটুয়াখালী, বাগেরহাট, হবিগঞ্জ ও বগুড়া।
৭। পুলিশ সুপার, ঢাকা, সুনামগঞ্জ, ঝিনাইদহ, পাবনা, পটুয়াখালী, বাগেরহাট, হবিগঞ্জ ও বগুড়া।
৮। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।